## আইইবি, ঢাকা কেন্দ্রের লোকাল কাউন্সিলের বার্ষিক প্রতিবেদন

### সূচীপত্র


| ক্রম | বিবরণ | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | কাউন্সিল সভার বিবরণ | ৪ |
| ২. | নির্বাহী কমিটির সভার বিবরণ | ৪-৫ |
| ৩. | এক নজরে আইইবি, ঢাকা কেন্দ্রের ১৯ টি স্ট্যান্ডিং কমিটির তালিকা | ৫ |
| ৪. | আইইবি'র ৬১তম কনভেনশন উপলক্ষে গঠিত ২৪ টি কমিটির তালিকা | ৫-৬ |
| ৫. | এক নজরে আইইবি'র ৬০তম কনভেনশন উপলক্ষে গঠিত কমিটিসমূহের সভা বিবরণী | ৬-৭ |
| ৬. | এএমআইই কার্যক্রমের বিবরণ | ৮ |
| ৭. | সদস্য সংগ্রহের বিবরণ | ৮ |
| ৮. | আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২৩-২৫ সাল মেয়াদের (০৫ জুন, ২০২৩ খ্রি. থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত) কাউন্সিলের সম্পাদিত কর্মকান্ডের প্রতিবেদন ছক | ৮-২৩ |
| ৯. | পূর্ত নির্মাণ কর্মসূচীর নির্মাণ | ২৩ |

বিসমিল্লাহির রাহ্মানির রাহিম

আলোচ্যসূচী - ১ ঃ **আইইবি, ঢাকা কেন্দ্রের ৫৬তম বার্ষিক সাধারণ সভার পরবর্তী সময়ে মৃত্যুবরণকারী সদস্য/প্রকৌশলীদের স্মরণে শোক প্রস্তাব গ্রহণ।**

**৫৭তম বার্ষিক সাধারণ সভার শ্রদ্ধেয় সভাপতি**

**উপস্থিত প্রিয় প্রকৌশলী ভাই ও বোনেরা**

**আসসালামু আলাইকুম।**

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ ঢাকা কেন্দ্রের কাউন্সিল ও আমার নিজের পক্ষ থেকে আপনাদের সকলকে ৫৭তম বার্ষিক সাধারণ সভায় আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানাই। আজকের এই দিনে আমি সশ্রদ্ধাভরে স্মরণ করছি স্বাধীনতার স্বপ্নদ্রষ্টা, স্বাধীন বাংলাদেশের স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। আমি শ্রদ্ধাভরে স্মরণ করছি ১৯৭৫ এর ১৫ আগষ্টের কাল রাতে বঙ্গবন্ধুর সাথে শহিদ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা মুজিবসহ বঙ্গবন্ধু পরিবারের সকল শহিদকে। আমি আরও স্মরণ করছি ৫২'র ভাষা আন্দোলন থেকে শুরু করে ৭১ এর স্বাধীনতা যুদ্ধের এই সুদীর্ঘ পথ পাড়ি দিতে যে সকল বীর সেনানীরা আত্মত্যাগ করেছেন তাঁদেরকে। একই সাথে ৩০ লক্ষ শহিদ, ২ লক্ষ মা বোনকে ও গণতান্ত্রিক আন্দোলনে যারা আত্মাহুতি দিয়েছেন, তাঁদের সকলকে শ্রদ্ধাভরে স্মরণ করছি। আরো স্মরণ করছি ১৯৭৫ সালের ৩রা নভেম্বর কারাগারে নির্মম হত্যাকান্ডের শিকার বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর ও মহান মুক্তিযুদ্ধের সংগঠক শহিদ জাতীয় চার নেতাকে। আমি শ্রদ্ধার সাথে স্মরণ করি স্বাধীনতা সংগ্রামে যে সকল প্রকৌশলী আত্মাহুতি দিয়েছেন সেই সকল শহিদ প্রকৌশলীদের। স্মরণ করছি প্রকৌশলী মরহুম আব্দুল জব্বারসহ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের প্রতিষ্ঠালগ্ন থেকে যাঁরা এ প্রতিষ্ঠানের ক্রমবর্ধমান উন্নতির জন্য নেতৃত্ব দিয়েছেন, সহায়তা করেছেন তাদের সকলকে। কাউন্সিলের পক্ষ থেকে আমি প্রথমে বিগত সাধারণ সভার পর হতে আজ পর্যন্ত যে সকল প্রকৌশলী ইন্তেকাল করেছেন, তাঁদের সকলের আত্মার শান্তি কামনা করছি এবং সকলকে শ্রদ্ধাভরে স্মরণ করছি।

৫৬তম বার্ষিক সাধারণ সভার পর থেকে এ পর্যন্ত আমাদের জানামতে যে সকল প্রকৌশলী ইন্তেকাল করেছেন, তারা হলেন-

১. প্রকৌশলী মো. আব্দুল কুদ্দুস
২. প্রকৌশলী মো. আলামিন
৩. প্রকৌশলী মনিরুল হক স্বাধীন
৪. প্রকৌশলী মো. জহিরুল হক, এম/১৭৬৩৬
৫. ড. প্রকৌশলী মো. ইফতেখারুল আলম, এফ/৮৮৯৩
৬. প্রকৌশলী মো. নুরুল আমিন, এফ/১১৫৪
৭. প্রকৌশলী মো. গোলাম নবী (মানিক), এফ/৫৮৪৭
৮. প্রকৌশলী মো. আসাদুজ্জামান খান, পিইঞ্জ, এফ/২২৩৭
৯. প্রকৌশলী এস.এম. সায়েদুর রহমান, এম/২৩০৩০
১০. প্রকৌশলী এম. বজলুর রহমান, এফ/৮৮৬
১১. প্রকৌশলী সৈয়দ মোয়াজ্জেম হোসেন, এফ/১১১০
১২. প্রকৌশলী শফি উদ্দিন আহমেদ, এফ/১৮৪৬
১৩. প্রকৌশলী আফসার আহমেদ, এম/২৪০৬৪
১৪. প্রকৌশলী মোহাম্মদ রফিকুল ইসলাম, এফ/৭৬৩২
১৫. প্রকৌশলী আবদুল বাতেন
১৬. প্রকৌশলী ফরিদুল ইসলাম
১৭. প্রকৌশলী এ. কে. এম. মুশফিকুর রহমান, এফ/৪০৯৩
১৮. প্রকৌশলী মীর মো. শাখাওয়াত হোসেন, এনডিসি, এফ/৬৪৪৪
১৯. প্রকৌশলী মো. মিজানুল করিম, এফ/১৯৭৬
২০. প্রকৌশলী ইমাম উদ্দীন আহমদ চৌধুরী, এফ/৪৯৩
২১. প্রকৌশলী কমোডর (অবঃ) মুজিবুর রহমান দিপু, এফ/৬৭৫৬

২২. প্রকৌশলী মুহাম্মদ হামিদুর রহমান, এফ/৭৯৯৭
২৩. প্রকৌশলী অনিন্দ্য কৌশল
২৪. প্রকৌশলী মো. মনজুর এলাহী, এফ/১১৫৮৮
২৫. প্রকৌশলী সৈয়দ হোসেন
২৬. ড. প্রকৌশলী এস. আই. খান, এফ/১১৪১
২৭. প্রকৌশলী মোঃ সাদেকুর রহমান
২৮. প্রকৌশলী অংচেন থৈ, এফ/১১৪২৭
২৯. প্রকৌশলী মো. শাহ আলম, পিইঞ্জ, এফ/২৪০৮
৩০. প্রকৌশলী মো. নূরুল ইসলাম
৩১. প্রকৌশলী শেখ ফজলুর রহমান
৩২. অধ্যাপক ড. প্রকৌশলী মো. কামরুল ইসলাম, এফ/১৯১৪
৩৩. অধ্যাপক ড. প্রকৌশলী এ কে এম ফজলুল হক, এফ/৩৩৭০
৩৪. প্রকৌশলী আমিন উদ্দিন আহমেদ, এফ/১০৫২
৩৫. প্রকৌশলী আবদুস সালাম, এম/২৬৪৫
৩৬. প্রকৌশলী আমিন উদ্দিন ভূঁইয়া
৩৭. প্রকৌশলী মো. আসাদুজ্জামান
৩৮. প্রকৌশলী মো. বজলুর রহমান
৩৯. ড. প্রকৌশলী সামসুল হক ভূইয়া
৪০. বীর মুক্তিযোদ্ধা প্রকৌশলী অলোক কুমার সরকার
৪১. প্রকৌশলী আবদুল খালেক
৪২. প্রকৌশলী মোঃ রিয়াদ আহমেদ
৪৩. প্রকৌশলী রাশেদ মাকসুদ খান
৪৪. প্রকৌশলী মফিজুল ইসলাম রাজ খান, এফ/৯১৮৫
৪৫. ড. প্রকৌশলী মো. আবদুল মান্নান মিয়া, এফ/৭১০০
৪৬. প্রকৌশলী মো. জিয়াউর রহমান, এফ/১৬৭৩
৪৭. প্রকৌশলী মো. শাহাদাত হোসেন (শেলী), এফ/৩০০০
৪৮. প্রকৌশলী মো. মুসলিম উদ্দিন, এফ/৭৮৯৩
৪৯. প্রকৌশলী এস. কে. আরিফুল ইসলাম
৫০. প্রকৌশলী এস এম হুমায়ূন কবীর
৫১. প্রকৌশলী মোঃ আরাফাত রহমান
৫২. প্রকৌশলী এম. মিজানুর রহমান খান (শামিম)
৫৩. প্রকৌশলী মো. আরাফাত হোসেন, এম/৩৭৪৪৬

গত বার্ষিক সাধারণ সভার পর আমরা যাঁদের হারিয়েছি, তাঁরা প্রত্যেকেই দেশের জন্য অনেক অবদান রেখে গেছেন। ঢাকা কেন্দ্র তথা আইইবি'র বিভিন্ন কর্মকান্ডে তাদের ভূমিকা ছিল উল্লেখযোগ্য এবং প্রকৌশলী সমাজে তাদের অবদান ছিল অনস্বীকার্য। আমি বিগত ০১ বছর ০২ মাস সময়ের প্রয়াত সকল প্রকৌশলীর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপণ করছি এবং তাঁদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করছি। সেই সাথে তাঁদের পরিবার-পরিজনদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপণ করছি। পরম করুণাময় মহান আল্লাহতায়ালার কাছে প্রার্থনা করি তিনি যেন তাঁদের শোকসন্তপ্ত পরিবারকে এই শোক সইবার তওফিক দেন। বিগত মাসগুলোতে আমরা এমন কিছু প্রকৌশলী নেতৃত্বকে হারিয়েছি, আইইবি এবং জাতীয় পর্যায়ে যাঁদের অবদান অপরিসীম।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শহিদ বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসাসহ বঙ্গবন্ধু পরিবারের সকল শহিদ সদস্যদের, স্বাধীনতা যুদ্ধের সকল বীর মুক্তিযোদ্ধা, শহিদ প্রকৌশলী সকল মুক্তিযোদ্ধা এবং আইইবি'র মরহুম প্রকৌশলীবৃন্দের মাগফিরাত কামণায় এখন দোয়া করবেন আইইবি'র পেশ ঈমাম মুফতি সাইফুল ইসলাম।

আলোচ্যসূচী - ২ ঃ **আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২৩-২৫ সাল মেয়াদের (০৫ জুন, ২০২৩ খ্রি. থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত) বার্ষিক প্রতিবেদন উপস্থাপন ও অনুমোদন।**

**২০২৩-২০২৫ সাল মেয়াদে আইইবি, ঢাকা কেন্দ্র কাউন্সিলের (০৫ জুন, ২০২৩ খ্রি. থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত) সময়ের কর্মকান্ডের প্রতিবেদন**

**প্রিয় প্রকৌশলীবৃন্দ,**

প্রকৌশল পেশার মানোন্নয়ন, বিজ্ঞান ও প্রযুক্তির উৎকর্ষ সাধন এবং উন্নত জগত গঠনের ব্রত নিয়ে ১৯৪৮ সালের ০৭মে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) প্রতিষ্ঠিত হয়। আইইবি এ দেশের সবচেয়ে প্রাচীন পেশাজীবী প্রতিষ্ঠান ও এদেশের প্রকৌশলীদের একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। আর ১৯৫৩ সালে প্রতিষ্ঠিত আইইবি, ঢাকা কেন্দ্র আইইবি'র সর্ববৃহৎ ও সর্বপ্রাচীন কেন্দ্র। দেশের প্রকৌশল সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানগুলির সদর দপ্তর রাজধানী ঢাকায় অবস্থিত এবং এসব প্রতিষ্ঠানসমূহের প্রধানগণসহ বিপুল সংখ্যক প্রকৌশলী ঢাকা কেন্দ্রের সদস্য। আইইবি সদর দপ্তরের বর্তমান সদস্য সংখ্যা ৫৯,৭৩১ এবং আইইবি, ঢাকা কেন্দ্রের বর্তমান সদস্য সংখ্যা ৩৮,১৭৮। যার মধ্যে ফেলো সদস্য ১০,০৭৭, মেম্বার ২০,১২৫, এ্যাসোসিয়েট মেম্বার ৭,৯৭৬। আইইবি'র মোট সদস্য সংখ্যার প্রায় ৬৩.৯২% ঢাকা কেন্দ্রের অধিভূক্ত। ফলে আইইবি'র লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে ঢাকা কেন্দ্রের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং স্বভাবতই এ কেন্দ্রের কাছে সদস্যদের প্রত্যাশা অনেক বেশী। সাধ ও সাধ্যের সমন্বয় করতে গিয়ে বিভিন্ন সময়ে সম্মানিত সদস্যদের কাঙ্খিত সকল প্রত্যাশা পূরণ অনেক সময় সম্ভব হয়ে ওঠে না।

**শ্রদ্ধেয় প্রকৌশলীবৃন্দ,**

ঢাকা কেন্দ্র কাউন্সিল দায়িত্বভার গ্রহণের পর সম্পাদিত ও কাউন্সিলের উপর অর্পিত কর্মকান্ডের সফলতা ব্যর্থতার বিচার বিশ্লেষণ ও মূল্যায়ন করার দায়িত্ব আপনাদের। যা কিছু অর্জন তা আপনাদের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতার মাধ্যমেই সম্ভব হয়েছে এবং ভবিষ্যতেও আপনাদের সুচিন্তিত পরামর্শ, মতামত ও দিক নির্দেশনা দিয়ে কেন্দ্রকে সার্বিকভাবে সহযোগিতা করবেন বলে প্রত্যাশা করছি।

**সম্মানিত প্রকৌশলীবৃন্দ,**

সভাপতির অনুমতিক্রমে ৫৬তম বার্ষিক সাধারণ সভার পর থেকে (০৫ জুন, ২০২৩ খ্রি. থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত) এ পর্যন্ত কাউন্সিলের কার্যক্রমের প্রতিবেদন আপনাদের সদয় অবগতি এবং অনুমোদনের জন্য উপস্থাপন করছি।

❖ **কাউন্সিল সভার বিবরণ ঃ**

আইইবি, ঢাকা কেন্দ্রের ৫৬তম বার্ষিক সাধারণ সভার পর হতে ০৫ টি কাউন্সিল সভা অনুষ্ঠিত হয়।

| তারিখ | কাউন্সিল সভার ক্রমিক (১ম-৫ম সভা) | স্থান |
|---|---|---|
| ১৫/০৭/২০২৩ | ৪৬০তম কাউন্সিল সভা | আইইবি কাউন্সিল কক্ষ (নতুন ভবনের ২য় তলা) |
| ২৪/০৮/২০২৩ | ৪৬১তম কাউন্সিল সভা | আইইবি কাউন্সিল কক্ষ (নতুন ভবনের ২য় তলা) |
| ১৫/১১/২০২৩ | ৪৬২তম কাউন্সিল সভা | আইইবি কাউন্সিল কক্ষ (নতুন ভবনের ২য় তলা) |
| ০৭/০২/২০২৪ | ৪৬৩তম কাউন্সিল সভা (জরুরী) | আইইবি কাউন্সিল কক্ষ (নতুন ভবনের ২য় তলা) |
| ০২/০৫/২০২৪ | ৪৬৪তম কাউন্সিল সভা | আইইবি কাউন্সিল কক্ষ (নতুন ভবনের ২য় তলা) |

❖ **নির্বাহী কমিটির সভার বিবরণ ঃ**

আইইবি, ঢাকা কেন্দ্রের ৫৬তম বার্ষিক সাধারণ সভার পর হতে নির্বাহী কমিটির মোট ১৬ টি সভা অনুষ্ঠিত হয়।

| তারিখ | নির্বাহী কমিটির সভার ক্রমিক (১ম-১১তম সভা) | স্থান |
|---|---|---|
| ১১/০৬/২০২৩ | নির্বাহী কমিটির ১ম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |
| ১২/০৭/২০২৩ | নির্বাহী কমিটির ২য় সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |
| ০৩/০৮/২০২৩ | নির্বাহী কমিটির ৩য় সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |
| ২২/০৮/২০২৩ | নির্বাহী কমিটির ৪র্থ সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |

| | | |
|---|---|---|
| ১৮/০৯/২০২৩ | নির্বাহী কমিটির ৫ম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |
| ১৭/১০/২০২৩ | নির্বাহী কমিটির ৬ষ্ঠ সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের সভা কক্ষ |
| ১২/১২/২০২৩ | নির্বাহী কমিটির ৭ম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ২৭/১২/২০২৩ | নির্বাহী কমিটির ৮ম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ২৫/০১/২০২৪ | নির্বাহী কমিটির ৯ম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ০৫/০২/২০২৪ | নির্বাহী কমিটির ১০ম সভা (জরুরী) | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ২০/০৩/২০২৪ | নির্বাহী কমিটির ১১তম সভা (জরুরী) | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ০৩/০৪/২০২৪ | নির্বাহী কমিটির ১২তম সভা (জরুরী) | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ২৮/০৪/২০২৪ | নির্বাহী কমিটির ১৩তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ২০/০৫/২০২৪ | নির্বাহী কমিটির ১৪তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ২৬/০৫/২০২৪ | নির্বাহী কমিটির ১৫তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |
| ০২/০৭/২০২৪ | নির্বাহী কমিটির ১৬তম সভা | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির কক্ষ |

আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২২-২৫ সাল মেয়াদের কর্মকান্ড পরিচালনার জন্য কেন্দ্রের ১৯ টি কমিটি গঠন করা হয়। এ সকল স্ট্যান্ডিং কমিটির সম্মানিত প্রকৌশলী সদস্যবৃন্দ বিভিন্ন সময়ে আইইবি, ঢাকা কেন্দ্রের কাউন্সিলকে বিভিন্ন রকম সুচিন্তিত পরামর্শ প্রদান করে কেন্দ্রের কর্মকান্ড সুচারুরূপে সম্পন্ন করতে সহযোগিতা করেছেন। স্ট্যান্ডিং কমিটিগুলি নিজস্ব কর্মপরিধি মোতাবেক সময়ে সময়ে বিভিন্ন কর্মকান্ড গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। যার ফলে কেন্দ্রের বর্তমান মেয়াদের কাউন্সিল উল্লেখযোগ্য পরিমানে কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করার সুযোগ পেয়েছে।

➢ **আইইবি, ঢাকা কেন্দ্রের ১৯ টি স্ট্যান্ডিং কমিটি নিম্নরূপ ঃ**

১. উপদেষ্টা পরিষদ
২. স্টিয়ারিং কমিটি
৩. অর্থ ও বিজ্ঞাপন কমিটি
৪. সেমিনার ব্যবস্থাপনা কমিটি
৫. ট্রেনিং ব্যবস্থাপনা কমিটি
৬. আপ্যায়ন কমিটি
৭. এমমআইই পরীক্ষা ও কোচিং কমিটি
৮. ক্রীড়া, সাংস্কৃতিক ও সামাজিক কল্যাণ কমিটি
৯. বেসরকারি প্রকৌশলী চাকুরী সহায়তা কমিটি
১০. গবেষণা ও উন্নয়ন বিষয়ক কমিটি
১১. নারী ও শিশু বিষয়ক কমিটি
১২. প্রবীণ প্রকৌশলী হিতৈষী কমিটি
১৩. প্রচার কমিটি
১৪. প্রকাশনা কমিটি
১৫. বেসরকারী প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষা মান উপযোগীকরণ কমিটি
১৬. নিরাপত্তা বিষয়ক কমিটি
১৭. আইসিটি বিষয়ক কমিটি
১৮. ইভেন্ট ম্যানেজমেন্ট কমিটি
১৯. অডিট কমিটি

➢ **আইইবি'র ৬১তম কনভেনশন উপলক্ষে গঠিত ২৪ টি কমিটি নিম্নরূপ ঃ**

(১) উপদেষ্টা পরিষদ
(২) প্রস্তুতি কমিটি

(৩) অভ্যর্থনা কমিটি
(৪) আমন্ত্রনপত্র বিতরণ কমিটি
(৫) নিবন্ধন কমিটি
(৬) অর্থ কমিটি
(৭) বিজ্ঞাপন কমিটি
(৮) আপ্যায়ন কমিটি
(৯) সাংস্কৃতিক কমিটি
(১০) ভেন্যু ও সাজসজ্জা কমিটি
(১১) প্রচার কমিটি
(১২) প্রকাশনা কমিটি
(১৩) ইউটিলিটি সার্ভিস কমিটি
(১৪) বিদেশী অতিথি অভ্যর্থনা ও আবাসন কমিটি
(১৫) সেমিনার ব্যবস্থাপনা কমিটি
(১৬) ছাত্র বিষয়ক/এএমআইই সনদ প্রদান সহায়ক কমিটি
(১৫) উপহার কমিটি
(১৬) নিরাপত্তা, স্বেচ্ছাসেবক ও আসন বিন্যাস কমিটি
(১৭) আইসিটি বিষয়ক কমিটি
(১৮) প্রদর্শনী কমিটি
(১৯) পরিবহন কমিটি
(২০) শহীদ প্রকৌশলী পরিবার ও মুক্তিযোদ্ধা প্রকৌশলীদের সম্বর্ধনা প্রদান কমিটি
(২১) কারিগরী ভ্রমণ কমিটি
(২২) রক্তদান ও চিকিৎসা বিষয়ক কমিটি
(২৩) পিইঞ্জ সনদ প্রদান সহায়ক কমিটি
(২৪) প্রকৌশল ছাত্র বিষয়ক কমিটি

কনভেনশন উপলক্ষে গঠিত বিভিন্ন কমিটিসমূহ বিভিন্ন সময়ে সভা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করেছেন। কনভেনশন সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদনে এ সকল কমিটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি ও কাউন্সিলের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপণ করছি।

➢ **এক নজরে আইইবি'র ৬১তম কনভেনশন উপলক্ষে গঠিত কমিটিসমূহের সভা বিবরণী ঃ**

| ক্রম | কমিটি | মিটিং তারিখ | সভার ক্রম | মোট সভা |
|---|---|---|---|---|
| ১. | নিবন্ধন কমিটি | ১১ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০৬ |
| | | ১৯ মার্চ, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| | | ২৮ মার্চ, ২০২৪ খ্রিঃ | ৩য় সভা | |
| | | ০১ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ৪র্থ সভা | |
| | | ০৮ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ৫ম সভা | |
| | | ২৯ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ৬ষ্ঠ সভা | |
| ২. | ইউটিলিটি সার্ভিস কমিটি | ১১ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০৩ |
| | | ২৩ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| | | ০৮ মে, ২০২৪ খ্রিঃ | ৩য় সভা | |
| ৩. | প্রকাশনা কমিটি | ১৩ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০৩ |
| | | ২১ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| | | ২৮ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ৩য় সভা | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | আইসিটি বিষয়ক কমিটি | ১৪ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ০৬ মে, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ৫. | রক্তদান ও চিকিৎসা বিষয়ক কমিটি | ১৬ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ৬. | বিদেশী অতিথি অভ্যর্থনা ও আবাসন কমিটি | ২১ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০৩ |
| | | ২১ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| | | ০৪ মে, ২০২৪ খ্রিঃ | ৩য় সভা | |
| ৭. | উপহার কমিটি | ২১ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ২২ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ৮. | পিইঞ্জ সনদ প্রদান সহায়ক কমিটি | ২৩ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ৯. | প্রচার কমিটি | ২৩ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ৩০ মার্চ, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ১০. | ভেন্যু ও সাজসজ্জা কমিটি | ২৫ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ১১. | সেমিনার ব্যবস্থাপনা কমিটি | ২৫ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০৪ |
| | | ২১ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| | | ০৪ মে, ২০২৪ খ্রিঃ | ৩য় সভা | |
| | | ০৭ মে, ২০২৪ খ্রিঃ | ৪র্থ সভা | |
| ১২. | অর্থ কমিটি | ২৭ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ১৩. | বিজ্ঞাপন কমিটি | ২৮ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ১৪. | শহীদ প্রকৌশলী পরিবার ও মুক্তিযোদ্ধা প্রকৌশলী সম্বর্ধনা প্রদান কমিটি | ২৮ মার্চ, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ১৫. | প্রদর্শনী কমিটি | ০২ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ২৩ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ১৬. | নিরাপত্তা, স্বেচ্ছাসেবক ও আসন বিন্যাস কমিটি | ০৮ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ০২ মে, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ১৭. | আপ্যায়ন কমিটি | ১৬ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ১৮. | ছাত্র বিষয়ক/এএমআইই সনদ প্রদান সহায়ক কমিটি | ২০ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ২৯ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ১৯. | সাংস্কৃতিক কমিটি | ২১ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০৩ |
| | | ২৪ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| | | ০৪ মে, ২০২৪ খ্রিঃ | ৩য় সভা | |
| ২০. | কারিগরী ভ্রমণ কমিটি | ২৭ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০২ |
| | | ০২ মে, ২০২৪ খ্রিঃ | ২য় সভা | |
| ২১. | পরিবহন কমিটি | ২২ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | ১ম সভা | ০১ |
| ২২. | ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি ও আইইবি'র ৬১তম কনভেনশন উপলক্ষে গঠিত ভেন্যু ও সাজসজ্জা কমিটি | ২৩ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | সমন্বয় সভা | ০১ |
| ২৩. | ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি ও আইইবি'র ৬১তম কনভেনশন উপলক্ষে গঠিত আপ্যায়ন কমিটি | ২৩ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | সমন্বয় সভা | ০১ |
| ২৪. | আইইবি'র ৬১তম কনভেনশন উপলক্ষে গঠিত অর্থ কমিটি এবং বিজ্ঞাপন কমিটি | ০২ মে, ২০২৪ খ্রিঃ | যৌথ সভা | ০১ |
| ২৫. | আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি ও টেক্সটাইল ডিভিশনের কমিটির সাথে মত বিনিময় সভা | ২৩ এপ্রিল, ২০২৪ খ্রিঃ | মত বিনিময় সভা | ০১ |
| | | | | মোট সভা=৪৮ |

❖ **এএমআইই কার্যক্রমের বিবরণ ঃ**

আইইবি, ঢাকা কেন্দ্রে এএমআইই কোর্সে ২০২৩ সালের আগস্ট টার্মে ২৭২ জন, ২০২৪ সালের ফেব্রুয়ারী টার্মে ৪৯৫ জন শিক্ষার্থী ভর্তি হয়।

❖ **সদস্য সংগ্রহের বিবরণ ঃ**

আইইবি, ঢাকা কেন্দ্রের বর্তমান মেয়াদের নির্বাহী কমিটি ও কাউন্সিল দায়িত্ব গ্রহণের পর থেকে আইইবি'র সদস্য সংখ্যা বৃদ্ধির লক্ষ্যে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিকভাবে নতুন পাশ করা প্রকৌশলীদের বিভিন্নভাবে আইইবি'র লক্ষ্য ও পেশাগত উৎকর্ষতা সাধনসহ বিভিন্ন বিষয়াদি সামনে রেখে তাদেরকে আইইবি'র সদস্য পদ হতে প্রতিনিয়ত সহায়তা করেছেন।

- **আইইবি, ঢাকা কেন্দ্রের ২০২৩-২৫ সাল মেয়াদের (০৫ জুন, ২০২৩ খ্রি. থেকে ০৬ সেপ্টেম্বর, ২০২৪ খ্রি. পর্যন্ত) বার্ষিক প্রতিবেদনের ছক ঃ**

| ক্রম | তারিখ, স্থান এবং অনুষ্ঠান | সম্পাদিত কর্মকান্ডসমূহ |
|---|---|---|
| ১. | ৭ জুন- ১১ জুন, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে **"5 Days Basic Training Short Course on PPR & e-GP"** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত ৭ জুন- ১১ জুন, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে **"5 Days Basic Training Short Course on PPR & e-GP"** এর উপর ০৫ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী শেখ মাছুম কামাল**, ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি), আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ), আইইবি, ঢাকা কেন্দ্র এবং **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে ছিলেন Naureen Laila PMP, Mr. Md. Saifur Rahman MCIPS, PMP, PRINCE2, Mr. Inthaqab Wahid Ruso, MCIPS, PMP, Engr. A B M Mofakhkharul Islam, PMP & Engr. Jamal Ahmed Khandaker, PMP. পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড থেকে মোট ৩০ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন। |
| ২. | ১২ জুন- ১৮ জুন, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে **"DPP Preparation to contract implementation"** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত ১২ জুন- ১৮ জুন, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে **"DPP Preparation to contract implementation"** এর উপর ০৭ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী শেখ মাছুম কামাল**, ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি), আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ), আইইবি, ঢাকা কেন্দ্র এবং **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে ছিলেন Naureen Laila PMP, Mr. Md. Saifur Rahman MCIPS, PMP, PRINCE2, Mr. Inthaqab Wahid Ruso, MCIPS, PMP, Engr. A B M Mofakhkharul Islam, PMP & Engr. Jamal Ahmed |

| | | |
|---|---|---|
| | | Khandaker, PMP. বাংলাদেশে অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ থেকে মোট ২০ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন। |
| ৩. | ২০ জুন- ২৪ জুন, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে<br>"**Construction Management**" | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত ২০ জুন- ২৪ জুন, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে "**Construction Management**" এর উপর সান্ধ্যকালীন ০৫ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী শেখ মাছুম কামাল**, ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি), আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ), আইইবি, ঢাকা কেন্দ্র এবং **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে ছিলেন Engr. Sk. Toufiqur Rahman, Executive Engineer, PWD, Engr. Md. Kamruzzaman, Sub-Divisional Engineer, PWD, Engr. Mohammad Adnan Rahman, Executive Engineer, PWD, Engr. Jahid Hasnain, Sub-Divisional Engineer, PWD, Engr. Md. Shajadur Rahman, Addl. Chief Engineer, BIWTA, Engr. Md. Masbahul Islam, Executive Engineer, BWDB, Engr. Mirza Shibli Mahmood, Sub-Divisional Engineer, PWD, Engr. Farhana Rob, Executive Engineer, PWD, Engr. A.N.M. Mazharul Islam, Executive Engineer, PWD. বাংলাদেশে অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ থেকে মোট ২১ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন। |
| ৪. | ২৮ জুলাই, ২০২৩ খ্রি., শুক্রবার, সকাল ১০ টায়, টাঙ্গাইলের একটি স্বনামধন্য হোটেলে<br>**আইইবি টাঙ্গাইল উপকেন্দ্রের নতুন কমিটির দায়িত্ব গ্রহণ অনুষ্ঠান** | গত ২৮ জুলাই, ২০২৩ খ্রি., শুক্রবার, সকাল ১০ টায়, টাঙ্গাইলের একটি স্বনামধন্য হোটেলে আইইবি টাঙ্গাইল উপকেন্দ্রের **নতুন কমিটির দায়িত্ব গ্রহণ অনুষ্ঠান** অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইইবি, ঢাকা কেন্দ্রের মাননীয় চেয়ারম্যান ও মহাপরিচালক, পাওয়ারসেল **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, বিশেষ অতিথি হিসেবে ছিলেন আইইবি, ঢাকা কেন্দ্রের ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ) **প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** এবং আইইবি, ঢাকা কেন্দ্রের সম্মানী সম্পাদক **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**। সভাপতিত্ব করেন গত মেয়াদের আইইবি টাঙ্গাইল উপকেন্দ্রের চেয়ারম্যান ও ঢাকা কেন্দ্রের নব নির্বাচিত কাউন্সিল সদস্য মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মেক্যানিকাল ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. প্রকৌশলী মোঃ ইকবাল মাহমুদ। উক্ত অনুষ্ঠানে আইইবি টাঙ্গাইল উপকেন্দ্রের ২০২৩-২০২৫ মেয়াদের চেয়ারম্যান হিসেবে অধ্যাপক ড. প্রকৌশলী মো. আহসান হাবিব, ভাইস চেয়ারম্যান হিসেবে প্রকৌশলী খন্দকার সাঈদ-আল-খালিদ এবং সম্পাদক হিসেবে প্রকৌশলী সাধন চন্দ্র ধর দায়িত্বভার গ্রহণ করেন। অনুষ্ঠানে টাঙ্গাইলের বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিঃ, গণপূর্ত অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, টাঙ্গাইল পলিটেকনিক ইনস্টিটিউট, মাওলানা |

| | | |
|---|---|---|
| | | ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য ব্যাবসায়িক প্রতিষ্ঠানের প্রকৌশলীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রকৌশলী মোহাম্মদ হোসাইন স্মার্ট বাংলাদেশ গঠনে প্রকৌশলীদের ভূমিকা তুলে ধরেন। নব নির্বাচিত চেয়ারম্যান ও মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইসিটি বিভাগের অধ্যাপক ড. প্রকৌশলী মো. আহসান হাবিব চতুর্থ শিল্প বিপ্লবের বিভিন্ন বিষয়ের উপর নিয়মিত সেমিনার ও ওয়ার্কশপ আয়োজনের উপর গুরুত্ব আরোপ করেন এবং সবার সহযোগিতা কামনা করেন। |
| ৫. | ১৫ আগস্ট, ২০২৩ খ্রি, মঙ্গলবার, ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর বাসভবনে ও আইইবি প্রাঙ্গনে **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী (জাতীয় শোক দিবস) পালন** | আইইবি সদর দফতর, ঢাকা কেন্দ্র ও ইআরসি, ঢাকা'র যৌথ উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী (জাতীয় শোক দিবস) যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে পালনে গত ১৫ আগস্ট, ২০২৩ খ্রি, মঙ্গলবার দিনব্যপী **বঙ্গবন্ধুর ভাষণ বাজানো** হয়। আইইবি মসজিদে সকালে হাফেজদের মাধ্যমে **পবিত্র কোরআন খতম** করা হয়। আইইবি সদর দফতরের মূল গেইট ও মুজিব কর্ণারের ডিসপ্লেতে **ভিডিও প্রদর্শিত** হয়। এরপর সকাল ১০ টায় ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানিয়ে **পুষ্পস্তবক অর্পণ** করা হয়। দুপুর ১২ টায় আইইবি মিলনায়তনের সামনে **অসহায়, গরীব ও দুস্থদের মাঝে খাবার বিতরণ** করা হয়। দুপুর ১ টায় আইইবি পুরাতন ভবনের সেমিনার কক্ষে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সকল শহিদদের আত্মার মাগফিরাত কামনায় **দোয়া ও মোনাজাত** করা হয়। জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আইইবি, ঢাকা কেন্দ্রের উদ্যোগে **"চিরঞ্জীব মুজিব"** নামের সুদৃশ্য স্মরণিকা প্রকাশিত হয়। |
| ৬. | ২২ আগস্ট, ২০২৩ মঙ্গলবার বিকাল ০৩:০০ টায় আইইবি'র কাউন্সিল হলে **জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল** | আইইবি সদর দফতর, ঢাকা কেন্দ্র ও ইআরসি, ঢাকা'র যৌথ উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৮তম শাহাদাৎ বার্ষিকী (জাতীয় শোক দিবস) উপলক্ষে গত ২২ আগস্ট, ২০২৩ মঙ্গলবার বিকাল ০৩:০০ টায় আইইবি'র কাউন্সিল হলে **আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল** আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগের উপদেষ্টামন্ডলীর সদস্য এবং সমন্বয়ক কেন্দ্রীয় ১৪ দল **জনাব আমির হোসেন আমু এমপি।** অনুষ্ঠানে মূখ্য আলোচক ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য **অধ্যাপক ডা. কামরুল হাসান খান**। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সভাপতি ও ডুয়েটের ভাইস-চ্যান্সেলর **অধ্যাপক ড. ইঞ্জিনিয়ার মো. হাবিবুর রহমান**, বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদের সাধারণ সম্পাদক ও আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (প্রশাসন ও অর্থ) **ইঞ্জিনিয়ার মো. নূরুজ্জামান,** আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (এইচআরডি) **ইঞ্জিনিয়ার খন্দকার মনজুর মোর্শেদ,** আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (এসএন্ডডব্লিউ) **ইঞ্জিনিয়ার মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ,** আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (একাডেমিক ও আন্তর্জাতিক) **ইঞ্জিনিয়ার কাজী খায়রুল বাশার,** আইইবি, ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান **ইঞ্জিনিয়ার মোহাম্মদ হোসেন** এবং ইআরসি, ঢাকার নির্বাহী ভাইস-চেয়ারম্যান **ইঞ্জিনিয়ার খান আতাউর রহমান সান্টু**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক ও আইইবি'র প্রেসিডেন্ট **ইঞ্জিনিয়ার মো. আবদুস সবুর**। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইইবি, ঢাকা কেন্দ্রের সম্মানী সম্পাদক **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**। |

| | | |
|---|---|---|
| ৭. | ০২ সেপ্টেম্বর-০৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে<br>**“5 days Practitioners Certificate Course on PPR & DP Funded Procurements (Batch-06)"** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত ০২ সেপ্টেম্বর-০৬ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি., আইইবি ঢাকা কেন্দ্রের কাউন্সিল হলে দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে **“5 days Practitioners Certificate Course on PPR & DP Funded Procurements (Batch-06)"** এর উপর ০৫ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী শেখ মাছুম কামাল**, ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি), আইইবি, ঢাকা কেন্দ্র**, প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ), আইইবি, ঢাকা কেন্দ্র এবং **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। প্রশিক্ষণে ট্রেইনার হিসেবে ছিলেন Engr. Md. Abdul Aziz MCIPS, National Trainer CPTU & Procurement Consultant, BSMSN (Pride), WB, BEZA, PM Office, Engr. Monir Siddiquee FCIPS, National Trainer & Procurement Consultant, DLS, Engr. Ajay Kumar Chakrabarty, Addl. Secretary of GOB, National Trainer, CPTU & Executive Director, PGCB, Engr. Golam Yazdani MCIPS, Procurement Specialist & XEN, LGED, Engr. Partha Pradip Sarkar MCIPS, National Trainer & DPD, DLS, Engr. Tarafder Abu Mahmud, Honorary Faculty Member, NIGP USA & Former Faculty Member, ESCB, IEB, Mr. Faruque Hossain, Former Secretary of GOB, Former DG, CPTU, National Trainer, Procurement Advisor/Consultant:WB, ADB, USAID, LMAP, JF, Petrobangla. পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ থেকে ০৫ জন, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স) থেকে ৫ জন, বাংলাদেশ গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (বিজিএফসিএল) থেকে ০৩ জন এবং সিলেট গ্যাস ফিল্ডস কোম্পানী লিমিটেড (এসজিএফএল) থেকে ০২ জন মোট ১৫ জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন। ট্রেনিং সমাপ্তির শেষ দিন Closing Ceremony অনুষ্ঠানে প্রশিক্ষনার্থীদের সার্টিফিকেট প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র ও মহাপরিচালক, পাওয়ারসেল। অনুষ্ঠানে সভাপতির দায়িত্ব পালন করেন **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। |
| ৮. | ২২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি., সন্ধ্যা ৬.৩০ মিনিটে, সাভার গলফ ক্লাব, নবীনগর, আশুলিয়া, সাভারে **আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির সাথে সাভার উপকেন্দ্রের মত বিনিময় সভা** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটির সাথে সাভার উপকেন্দ্রের **মত বিনিময় সভা** গত ২২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি., সন্ধ্যা ৬.৩০ মিনিটে, সাভার গলফ ক্লাব, নবীনগর, আশুলিয়া, সাভারে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন **প্রকৌশলী শেখ মাছুম কামাল**, ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি), আইইবি, ঢাকা কেন্দ্র**, প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ), আইইবি, ঢাকা কেন্দ্র এবং **প্রকৌশলী** |

| | | |
|---|---|---|
| | | **মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। অনুষ্ঠানে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন **প্রকৌশলী মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন**, চেয়ারম্যান, আইইবি, সাভার উপকেন্দ্র ও প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পরমানু শক্তি কমিশন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইইবি, সাভার উপকেন্দ্রের সম্পাদক **প্রকৌশলী আল মামুন**। |
| ৯. | ০২ অক্টোবর, ২০২৩ খ্রি., বিকাল ৫.০০ টায়, আইইবি কাউন্সিল হলে<br>**মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা'র ৭৭তম জন্মদিন উপলক্ষে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় "আলোচনা ও দোয়া-মাহ্ফিল"** | গত ০২ অক্টোবর, ২০২৩ খ্রি., বিকাল ৫.০০ টায়, আইইবি কাউন্সিল হলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা'র ৭৭তম জন্মদিন উপলক্ষে তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনায় আইইবি সদর দফতর, আইইবি ঢাকা কেন্দ্র ও ইআরসি, ঢাকা'র যৌথ উদ্যোগে **"আলোচনা ও দোয়া-মাহ্ফিল"** অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেন প্রকৌশলী মো. আবদুস সবুর, মাননীয় প্রেসিডেন্ট, আইইবি এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ। আইইবি নির্বাহী কমিটি, আইইবি, ঢাকা কেন্দ্রের নির্বাহী কমিটি, ইআরসি, ঢাকার নির্বাহী কমিটি, কেন্দ্রীয় কাউন্সিল, লোকাল কাউন্সিলসহ সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানের প্রকৌশলীবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। |
| ১০. | ২৯ নভেম্বর, ২০২৩ খ্রি., সকাল ৯.০০ টায়, ২০, গ্রীণ কর্ণার, ঢাকাতে<br>**প্রকৌশলী মো. আবদুস সবুর মনোনয়ন পাওয়ায় ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন** | গত ২৯ নভেম্বর, ২০২৩ খ্রি., সকাল ৯.০০ টায়, ২০, গ্রীণ কর্ণার, ঢাকাতে আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে কুমিল্লা-১ আসন থেকে আইইবি'র মাননীয় প্রেসিডেন্ট ও বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রকৌশলী মো. আবদুস সবুর মনোনয়ন পাওয়ায় আইইবি, ঢাকা কেন্দ্রের পক্ষ থেকে **ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন** জানানো হয়। |
| ১১. | ১৪ই ডিসেম্বর, ২০২৩ খ্রি., বৃহস্পতিবার, রায়েরবাজার বধ্যভূমিতে<br>**শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে রায়েরবাজার বধ্যভূমিতে শহিদদের স্মরণে পুষ্পস্তবক অর্পণ, আইইবি মসজিদে শহিদদের আত্মার মাগফেরাত কামনায় কোরআন খতম, দোয়া মাহফিল এবং শহিদদের স্মরণে মোমবাতি প্রজ্জ্বলন ও শোক র‍্যালি** | গত ১৪ই ডিসেম্বর, ২০২৩ খ্রি., বৃহস্পতিবার, সকাল ৭:৩০ মিনিটে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে শহিদদের প্রতিকৃতিতে আইইবি সদর দফতর, ঢাকা কেন্দ্র এবং ইআরসি ঢাকা'র যৌথ উদ্যোগে রায়েরবাজার বধ্যভূমিতে শহিদদের স্মরণে **পুষ্পস্তবক অর্পণ** করা হয়। সন্ধ্যা ৫:১৫ মিনিটে আইইবি মসজিদে শহিদদের আত্মার মাগফেরাত কামনায় **কোরআন খতম, দোয়া মাহফিল** অনুষ্ঠিত হয়। এরপর ৫:৩০ মিনিটে শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে শহিদদের স্মরণে **মোমবাতি প্রজ্জ্বলন ও শোক র‍্যালি** অনুষ্ঠিত হয়। |
| ১২. | ১৬ ডিসেম্বর, ২০২৩ খ্রি., শনিবার, ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর বাসভবনে<br>**মহান বিজয় দিবস-২০২৩ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে শ্রদ্ধা জ্ঞাপণ এবং অমর বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে পুষ্পস্তবক অর্পন** | আইইবি সদর দফতর, ঢাকা কেন্দ্র এবং ইআরসি ঢাকা'র যৌথ উদ্যোগে গত ১৬ ডিসেম্বর, ২০২৩ খ্রি., শনিবার, সকাল ৭:৩০ টায় মহান বিজয় দিবস-২০২৩ উপলক্ষে ধানমন্ডিস্থ ৩২ নম্বর বঙ্গবন্ধুর বাসভবনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতিতে **শ্রদ্ধা জ্ঞাপণ** করা হয় এবং মহান স্বাধীনতা যুদ্ধে শহিদ বীর মুক্তিযোদ্ধাদের স্মরণে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে অমর বীর শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে **পুষ্পস্তবক অর্পন** করা হয়। |
| ১৩. | ০৫ জানুয়ারী, ২০২৩ খ্রি., বুধবার, আইইবি প্রাঙ্গনে<br>**সমাজের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে ৫০০ কম্বল বিতরণ** | আইইবি, ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত ০৫ জানুয়ারী, ২০২৩ খ্রি., বুধবার, বিকাল ৫.৪৫ মিনিটে, আইইবি প্রাঙ্গনে সামাজিক কার্যক্রমের অংশ হিসেবে সমাজের সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মাঝে ৫০০ **কম্বল বিতরণ** করা হয়। |

| | | |
|---|---|---|
| ১৪. | ২০-২৪ জানুয়ারী, ২০২৪ খ্রি., সিলেটে<br>**"Basic PPR & EGP Training"** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত **২০-২৪ জানুয়ারী, ২০২৪ খ্রি., সিলেটে** দক্ষ জনবল তৈরীর লক্ষ্যে **"Basic PPR & EGP Training"** এর উপর ৫ দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা হয়। প্রশিক্ষণটির সার্বিক তত্ত্বাবধানে ছিলেন **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**, মাননীয় চেয়ারম্যান, আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী শেখ মাছুম কামাল**, ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি), আইইবি, ঢাকা কেন্দ্র, **প্রকৌশলী হাবিব আহ্মেদ হালিম (মুরাদ)** ভাইস-চেয়ারম্যান (প্রশাসন ও পিএন্ডএসডব্লিউ), আইইবি, ঢাকা কেন্দ্র এবং **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**, সম্মানী সম্পাদক, আইইবি, ঢাকা কেন্দ্র। মোট **১৫** জন প্রশিক্ষণার্থী সফলভাবে প্রশিক্ষণ কার্যক্রমটি সম্পন্ন করেন। |
| ১৫. | ২০ জানুয়ারী, ২০২৪ খ্রি., শনিবার, আইইবি মিলনায়তনে<br>**"পৌষ উৎসব-১৪৩০"** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি), ঢাকা কেন্দ্রের উদ্যোগে গত ২০ জানুয়ারী, ২০২৪ খ্রি., শনিবার, বিকাল ০৩:৩০ টায় আইইবি মিলনায়তনে অত্যন্ত আড়ম্বরপূর্ণ **"পৌষ উৎসব-১৪৩০"** অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে **প্রধান অতিথি** হিসেবে উপস্থিত ছিলেন, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এর মাননীয় প্রেসিডেন্ট এবং বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক **প্রকৌশলী মো. আবদুস সবুর এমপি। গেষ্ট অব অনার** হিসেবে উপস্থিত ছিলেন, আইইবি'র সম্মানী সাধারণ সম্পাদক **প্রকৌশলী এস.এম. মনজুরুল হক মঞ্জু। বিশেষ অতিথি** হিসেবে উপস্থিত ছিলেন, আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (প্রশাসন ও অর্থ) **প্রকৌশলী মো. নূরুজ্জামান**, আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (এইচআরডি) **প্রকৌশলী খন্দকার মনজুর মোর্শেদ**, আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (এসএন্ডডব্লিউ) **প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইঞ্জ** এবং আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (একাডেমিক ও আন্তর্জাতিক) **প্রকৌশলী কাজী খায়রুল বাশার**। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইইবি, ঢাকা কেন্দ্রের চেয়ারম্যান **প্রকৌশলী মোহাম্মদ হোসাইন**। সঞ্চালকের দায়িত্ব পালন করেন, আইইবি, ঢাকা কেন্দ্রের সম্মানী সম্পাদক **প্রকৌশলী মো. নজরুল ইসলাম**। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন আইইবি, ঢাকা কেন্দ্রের ভাইস-চেয়ারম্যান (প্রশাসন, পিএন্ডএসডব্লিউ) **প্রকৌশলী হাবিব আহমদ হালিম (মুরাদ)**। এছাড়া ধন্যবাদ জ্ঞাপন করেন আইইবি, ঢাকা কেন্দ্রের ভাইস-চেয়ারম্যান (একাডেমিক ও এইচআরডি) **প্রকৌশলী শেখ মাছুম কামাল**। অনুষ্ঠানে উপস্থিত অতিথিবৃন্দ পৌষের উৎসবে বিভিন্ন পিঠাপুলির পাশাপাশি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানে মেতে উঠেন। |
| ১৬. | ৩১ জানুয়ারী, ২০২৪ খ্রি., বুধবার, আইইবি মসজিদে<br>**আইইবি'র প্রাক্তন ভাইস-প্রেসিডেন্ট ও ঢাকা কেন্দ্রের প্রাক্তন ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী শাহাদাৎ হোসেন শেলী, এফ/৩০০০ এর দ্রুত রোগ মুক্তির কামনায় দোয়া মাহফিল** | ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি), ঢাকা কেন্দ্রের উদ্যোগে আইইবি'র প্রাক্তন ভাইস-প্রেসিডেন্ট ও ঢাকা কেন্দ্রের প্রাক্তন ভাইস-চেয়ারম্যান প্রকৌশলী শাহাদাৎ হোসেন শেলী, এফ/৩০০০ স্কয়ার হাসপাতালে গুরুতর অসুস্থ হয়ে আইসিউতে ভর্তি থাকায় গত ৩১ জানুয়ারী, ২০২৪ খ্রি., বুধবার, মাদ মাগরিব, আইইবি মসজিদে দ্রুত রোগ মুক্তির কামনায় **দোয়া মাহফিল** আয়োজিত হয়। দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন, ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ এর মাননীয় প্রেসিডেন্ট এবং বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক **প্রকৌশলী মো. আবদুস সবুর এমপি**। আইইবি'র সম্মানী সাধারণ সম্পাদক **প্রকৌশলী এস.এম. মনজুরুল হক মঞ্জু**। আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (প্রশাসন ও অর্থ) **প্রকৌশলী মো. নূরুজ্জামান**, আইইবি'র ভাইস-প্রেসিডেন্ট (এইচআরডি) |

| | | |
|---|---|---|
